

Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 30 April, 2025

রাজশাহীর পুঠিয়া রাজবাড়ী বিভিন্ন কারণে এশিয়া মহাদেশের মধ্যে সবচেয়ে জনপ্রিয়। প্রতিনিয়তই রাজবাড়ীটিতে ঘুরতে ও পরিদর্শনে আসেন দেশ-বিদেশের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

এরই ধারাবাহিকতায় বুধবার (৩০ এপ্রিল) সকাল সাড়ে ৯ টার সময় রাজবাড়ীটি পরিদর্শনে আসেন মার্কিন রাষ্ট্রদূত (ভারপ্রাপ্ত) ট্রেসি অ্যান জ্যাকবসন। একই সাথে রাজবাড়ীটির বিভিন্ন অংশ ঘুরে ঘুরে দেখেন তিনি। এছাড়াও তিনি ঘুরে দেখেন পুঠিয়া রাজবাড়ীর রানীঘাট, গোবিন্দ মন্দির, আল্লিক মন্দির সহ বিভিন্ন জায়গা। রাজবাড়ীটি পরিদর্শন কালে রাষ্ট্রদূতের চোখে মুখে উচ্ছলতা দেখা যায়। এ সময় তিনি নিজে থেকেই বলেন, রাজবাড়ীটির আরো অনেক উন্নয়ন দরকার। তাই ভবিষ্যতে মার্কিন রাষ্ট্রদূতের পক্ষ থেকে রাজবাড়ীটির উন্নয়নে মার্কিন দূতাবাসের নজর থাকবে বলে তিনি জানান।

সফরকালে মার্কিন রাষ্ট্রদূত ট্রেসি অ্যান জ্যাকবসন ছাড়াও তার সঙ্গে ছিলেন বেশ কয়েকজন সফরসঙ্গী।

এ সময় উপস্থিত ছিলেন, পুঠিয়া উপজেলা নির্বাহী অফিসার, এ কে এম নূর হোসেন নির্বাহী। পুঠিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কবির হোসেন। রাজশাহী জেলা পুলিশের কর্মকর্তা ও সদস্যদের পাশাপাশি উপস্থিত ছিলেন পুঠিয়া থানার আরো অনেক অফিসার ও পুলিশের সদস্যরা। পাশাপাশি রাজবাড়ীটি রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা কর্মকর্তা কর্মচারীগণও উপস্থিত ছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:09

URL: <https://www.timestodaybd.com/rajshahi/3950311671>